শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি (এসডিএস)
Shariatpur Development Society (SDS)

# Terms of Reference (ToR)

## উত্তম মৎস্য চাষ বিষয়ক অ্যানিমেটেড ভিডিও তৈরির জন্য দক্ষ কনসালটেন্ট নিয়োগ বিজ্ঞপ্তি

SDS (Shariatpur Development Society), RMTP প্রকল্পের আওতায় "নিরাপদ মৎস্য ও মৎস্যজাত পণ্য উৎপাদন এবং বাজারজাতকরণ" উপ-প্রকল্পের কার্যক্রমের অংশ হিসেবে উত্তম মৎস্য চাষ বিষয়ক একটি থিমেটিক অ্যানিমেটেড ভিডিও মডিউল তৈরির লক্ষ্যে অভিজ্ঞ কনসালটেন্ট নিয়োগ করতে আগ্রহী।

প্রস্তাবিত ভিডিওটি হবে প্রাক্টিক্যাল ও ব্যবহারোপযোগী, যাতে মাঠপর্যায়ের ক্ষুদ্র ও প্রান্তিক মৎস্যচাষিদের সচেতনতা ও দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় তথ্য ও কৌশল সহজ ভাষায় উপস্থাপন করা হবে।

### ১. প্রকল্প পরিচিতি

**প্রকল্পের নাম:** Rural Microenterprise Transformation Project (RMTP)
**উপ-প্রকল্পের নাম:** "নিরাপদ মৎস্য ও মৎস্যজাত পণ্য উৎপাদন এবং বাজারজাতকরণ"
**বাস্তবায়নকারী সংস্থা:** SDS (Shariatpur Development Society)
**অবস্থান:** শরীয়তপুর জেলার সদর, নড়িয়া ও ভেদরগঞ্জ উপজেলা

### ২. প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ

'নিরাপদ মাছ ও মৎস্যজাত পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ' শীর্ষক এই উপ-প্রকল্পটি পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (PKSF), আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD) ও ডেনমার্কের উন্নয়ন সংস্থা (DANIDA)-এর যৌথ অর্থায়নে বাস্তবায়ন করা হচ্ছে। শারিয়তপুর জেলার নড়িয়া, সদর ও ভেদরগঞ্জ উপজেলায় শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি (SDS) কর্তৃক এটি বাস্তবায়িত হচ্ছে।

এই উপ-প্রকল্পের লক্ষ্য হলো প্রান্তিক ও ক্ষুদ্র মৎস্য খামারিদের আয় বৃদ্ধি, খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ এবং পারিবারিক পুষ্টি উন্নয়ন। প্রকল্পটি মূলতঃ

- মূল্য সংযোজন, উদ্যোগ উন্নয়ন ও আর্থিক সেবা সম্প্রসারণ
- নিরাপদ মাছ, 'Ready to Cook' ও 'Ready to Eat' মাছজাত পণ্যের উন্নয়ন
- প্রাতিষ্ঠানিক কাঠামো জোরদার ও দক্ষতা উন্নয়নের উপর গুরুত্ব দিচ্ছে

প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে প্রত্যাশিত হচ্ছে যে ৭০% উদ্যোক্তার আয় কমপক্ষে ৩০% বৃদ্ধি পাবে এবং ৩০% সদস্য পরিবারিক খাদ্য তালিকায় পুষ্টিকর খাবার অন্তর্ভুক্ত করতে সক্ষম হবেন।

### ৩. কাজের উদ্দেশ্য (Objective)

উত্তম মৎস্যচাষ সম্পর্কিত মৌলিক ও ব্যবহারিক জ্ঞান সহজ ও আকর্ষণীয়ভাবে উপস্থাপন করে মাঠপর্যায়ের চাষিদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে একটি **সর্বোচ্চ ৬ মিনিটের থিমেটিক অ্যানিমেটেড ভিডিও** তৈরি করা।

Sadar Road, Shariatpur, Post Code-8000, Bangladesh.
Phone: 0601-61654, 61534, Fax: 0601-61534,
web: wwww.sdsbd.org, e-mail: info@sdsbd.org, sds.shariatpur@gmail.com

**৪. কাজের পরিধি (Scope of Work)**

নির্বাচিত ব্যক্তি/প্রতিষ্ঠান নিম্নোক্ত কাজসমূহ সম্পন্ন করবেন:

- ৫টি থিমেটিক অংশের জন্য কনটেন্ট/স্ক্রিপ্ট তৈরি (বাংলা ভাষায়)।
- স্টোরিবোর্ড এবং অ্যানিমেশন প্ল্যান তৈরি।
- একটি একক ২D অ্যানিমেটেড ভিডিও তৈরি (চরিত্র, ইনফোগ্রাফিক্সসহ)।
- ভয়েসওভার, ব্যাকগ্রাউন্ড সাউন্ড ও বাংলা সাবটাইটেল সংযোজন।
- সর্বোচ্চ ৬ মিনিট দৈর্ঘ্যের ভিডিও তৈরি।

**৫. ভিডিওর থিমেটিক অংশসমূহ (Indicative Topics)**

- উত্তম মৎস্যচাষের মৌলিক ধারণা।
- পুকুর প্রস্তুতি ও পানি ব্যবস্থাপনা।
- মানসম্পন্ন পোনা নির্বাচন ও চাষ কৌশল।
- খাদ্য প্রয়োগ ও নিরাপদ পুষ্টি পণ্য ও মেডিসিন ব্যবহারের মাধ্যমে স্বাস্থ্য ব্যবস্থাপনা।
- বাজারজাতকরণ ও লাভজনকতা বৃদ্ধির কৌশল।

**৬. প্রত্যাশিত আউটপুট (Deliverables)**

- একটি পূর্ণাঙ্গ HD কোয়ালিটির ২D অ্যানিমেটেড ভিডিও (MP4 ফরম্যাটে, সর্বোচ্চ ৬ মিনিট)।
- প্রতিটি থিমেটিক অংশের জন্য পৃথক স্ক্রিপ্ট (DOC/PDF ফরম্যাটে)।
- ভয়েসওভারসহ ভিডিও (বাংলা ভাষায়)।
- বাংলা সাবটাইটেল সংযুক্ত।
- সোর্স ফাইল হস্তান্তর।

**৭. যোগ্যতা ও অভিজ্ঞতা (Required Qualifications)**

- অ্যানিমেটেড ভিডিও নির্মানে দক্ষ এবং কমপক্ষে স্নাতক ডিগ্রি সম্পন্ন।
- শিক্ষা, কৃষি, স্বাস্থ্য বা উন্নয়ন খাতে **শিক্ষামূলক ভিডিও/ই-মডিউল** নির্মাণে কমপক্ষে ২ বছরের প্রাসঙ্গিক অভিজ্ঞতা।
- ২D অ্যানিমেশন, ভিডিও এডিটিং সফটওয়্যার (যেমন: Adobe After Effects, Illustrator, Premiere Pro) ব্যবহারে দক্ষতা।
- ভয়েসওভার ও বাংলা সাবটাইটেল সংযোজনের সক্ষমতা।
- ইন্টারঅ্যাকটিভ ও তথ্যবহুল কনটেন্ট ডিজাইন করার বাস্তব অভিজ্ঞতা।
- প্রাসঙ্গিক কাজের নমুনা (Video portfolio বা YouTube লিংক) জমা দিতে হবে।

### ৮. কাজের পরিকল্পনার রূপরেখা (Work Plan)

| ধাপ | কার্যক্রম | সময়কাল |
|---|---|---|
| ধাপ ১ | থিমেটিক স্ক্রিপ্ট তৈরি ও চূড়ান্তকরণ | ৩ দিন |
| ধাপ ২ | স্টোরিবোর্ড ডিজাইন ও দৃশ্য পরিকল্পনা | ২ দিন |
| ধাপ ৩ | অ্যানিমেশন ও গ্রাফিক্স প্রস্তুতকরণ | ৫ দিন |
| ধাপ ৪ | ভয়েসওভার, ব্যাকগ্রাউন্ড মিউজিক ও সাবটাইটেল সংযুক্তিকরণ | ২ দিন |
| ধাপ ৫ | চূড়ান্ত সম্পাদনা ও ডেলিভারি | ৩ দিন |
| **মোট সময়** | **১৫ কর্মদিবস** | |

### ৯. মূল্যায়ন মানদণ্ড (Evaluation Criteria)

| মানদণ্ড | নম্বর |
|---|---|
| প্রাসঙ্গিক অভিজ্ঞতা | ৩০ |
| প্রস্তাবিত কনসেপ্ট ও কাজের পরিকল্পনা | ৩০ |
| আর্থিক প্রস্তাব | ২০ |
| পূর্বের কাজের নমুনা | ২০ |

### ১০. সময়সূচি:

চুক্তি স্বাক্ষরের পর সর্বোচ্চ **১৫ কর্মদিবসের** মধ্যে ভিডিও কাজ সম্পন্ন করতে হবে।

### ১১. কনট্রাক্ট শর্তাবলী (Contract Terms):

- প্রযোজ্য সকল কর/ভ্যাট প্রস্তাবিত বাজেটের অন্তর্ভুক্ত থাকবে।
- কাজ সন্তোষজনকভাবে সম্পন্ন হলে পেমেন্ট প্রদান করা হবে।
- প্রডাকশন সংক্রান্ত সমস্ত কপিরাইট SDS ও প্রকল্প কর্তৃপক্ষের থাকবে।

### ১২. আবেদন করার প্রক্রিয়া (How to Apply)

আগ্রহী কনসালটেন্ট/প্রডাকশন হাউজরা তাদের **টেকনিক্যাল** এবং **আর্থিক প্রস্তাবনা** আলাদা দুটি ডকুমেন্ট হিসেবে নিম্নলিখিত ঠিকানায় পাঠাবেন: **আগামী ৩০ এপ্রিল, ২০২৫ বিকেল ৫:০০টার মধ্যে ই-মেইল মাধ্যমে** rmtpfish.sds@gmail.com **অথবা এসডিএস প্রধান কার্যালয়, সদর রোড, শরীয়তপুর-৮০০০, বাংলাদেশ, ঠিকানায় হার্ডকপি পাঠাতে হবে। যোগাযোগঃ- 01737-413494**